# স্কুলের প্রথম দিনের জন্য প্রস্তুত হোন!

## শিক্ষা বছরটি চমৎকারভাবে শুরু করার জন্য যা যা করতে হবে:

- ❑ **একটি শারীরিক পরীক্ষার জন্য একজন ডাক্তারের সাথে দেখা করুন।**

আপনার সন্তান প্রথমবারের মত স্কুল অথবা চাইল্ড কেয়ার শুরু করছে কি? স্কুল শুরু হবার আগে, আপনার সন্তানকে একজন স্বাস্থ্য সেবা প্রদানকারী সম্পূর্ণ স্বাস্থ্য পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম) করেছে তা নিশ্চিত করুন, যা চাইল্ড অ্যান্ড অ্যাডোলেসেন্ট হেলথ্ এক্সামিনেশন ফর্ম (CH205)-এ নথিভুক্ত হয়েছে। এই ফর্মগুলো ডাউনলোডের জন্য **schools.nyc.gov/schoolhealth** -এ পাওয়া যাবে।

- ❑ **আপনার সন্তান আবশ্যক টিকাসমূহ (ইমিউনাইজেশন) গ্রহণ করেছে, তা নিশ্চিত করুন।**

নিউ ইয়র্ক স্টেট পাবলিক হেলথ্ বা জনস্বাস্থ্য আইন অনুযায়ী, চাইল্ড কেয়ার অথবা স্কুলে ভর্তি হতে হলে শিক্ষার্থীদের সুনির্দিষ্ট টিকা দেয়া বাধ্যতামূলক। শিক্ষা বছর শুরু হবার আগে, আপনার সন্তানের সকল টিকা (ইমিউনাইজেশন) গ্রহণ করা উচিত। আপনি **schools.nyc.gov/immunization** -এ আবশ্যক টিকাসমূহ (ইমিউনাইজেশন) সংক্রান্ত আরো তথ্য খুঁজে পেতে পারেন। আমরা সকল নিউ ইয়র্কবাসীদের কোভিড-19 (COVID-19) টিকা (ভ্যাকসিন) গ্রহণে হালনাগাদ থাকতে সুপারিশ করছি, এতে অন্তর্ভুক্ত যারা বুস্টার-এর জন্য যোগ্য। আপনার নিকটস্থ একটি ঠিকানা খুঁজে পেতে **vaccinefinder.nyc.gov** দেখুন অথবা 877-829-4692 নম্বরে ফোন করুন।

- ❑ **আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ করুন।**

NYC পাবলিক স্কুলস্ এবং আপনার সন্তানের স্কুল থেকে গুরুত্বপূর্ণ সর্বসাম্প্রতিক তথ্য মিস্ করবেন না! আপনি আপনার তথ্য অনলাইনে আপনার NYC স্কুলস অ্যাকাউন্ট (NYCSA)-এ অথবা আপনার স্কুল দ্বারা প্রদত্ত জরুরি পরিস্থিতিতে যোগাযোগের ফর্ম (ইমার্জেন্সি কন্টাক্ট ফর্ম) পূরণ করে হালনাগাদ করতে পারেন। আপনার যদি এখনও একটি NYC স্কুলস অ্যাকাউন্ট না থেকে থাকে, তবে কীভাবে সাইন আপ করতে হবে তা জানতে **schools.nyc.gov/NYCSA** দেখুন।

- ❑ **আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।**

প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ আপনার স্কুল-সংক্রান্ত বহু প্রশ্ন ও উদ্বেগের জবাব দিতে পারেন। আপনি আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং আপনার সন্তানের স্কুলের অন্যান্য স্টাফের সাথে যোগাযোগের তথ্য 'ফাইন্ড এ স্কুল' (Find a School): **schoolsearch.schools.nyc** ব্যবহার করে খুঁজে পেতে পারেন, অথবা সহায়তার জন্য স্কুলে ফোন করতে পারেন।

- ❑ **অনুবাদ ও দোভাষী পরিষেবা সম্পর্কে আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপালকে জিজ্ঞাসা করুন।**

আপনার স্কুল বিনা খরচে অনুবাদ ও দোভাষী পরিষেবা প্রদান করতে পারে। আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর বা প্রিন্সিপালের কাছ থেকে আরো জানুন, অথবা আরো তথ্যের জন্য **schools.nyc.gov/hello** দেখুন। সাইন ল্যাঙ্গুয়েজে দোভাষ পরিষেবার জন্য, অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন অথবা **OSLIS@schools.nyc.gov** ঠিকানায় ইমেইল করুন।

- ❑ **2023-24 NYC স্কুল ক্যালেন্ডার পর্যালোচনা করুন।**

গুরুত্বপূর্ণ তারিখসমূহ দেখতে এবং একাধিক ভাষায় 2023-24 শিক্ষা বছরের মুদ্রিত সংস্করণগুলো খুঁজতে **schools.nyc.gov/calendar** দেখুন।

- ❑ **আপনার সন্তানের স্কুল সামগ্রী প্রস্তুত করুন।**

আপনার সন্তানের শিক্ষক অথবা স্কুল, স্কুলের প্রথম কিছু দিনের জন্য একটি সময়সূচি সহ, আপনার সন্তানের নতুন ক্লাসের জন্য স্কুল সামগ্রীর একটি সুপারিশকৃত তালিকা পাঠাতে পারেন। আপনার সন্তানের কাছ থেকে প্রথম দিন কী আশা করা হচ্ছে, এবং তার সমস্ত সামগ্রী ভরা হয়েছে ও সে যাবার জন্য প্রস্তুত তা নিশ্চিত করুন। হারিয়ে গেলে যেন আপনাকে ফেরত দেয়া যায় তা নিশ্চিত করতে আপনার সন্তানের সামগ্রীতে (যেমন জিম-এর পোশাক, পানির বোতল, পেন্সিল কেস ইত্যাদি) লেবেল করতেও আমরা সুপারিশ করি!

- ❑ **স্কুলের প্রথম দিনের আগে প্রতিদিন রাতে ঘুমাতে যাবার সময় এবং সকালের রুটিন ধার্য করুন।**

সেপ্টেম্বরের আগে আপনার সন্তানকে একটি নিয়মিত ও স্বাস্থ্যকর ঘুমের সময়সূচিতে সামঞ্জস্য করার মাধ্যমে নতুন শিক্ষা বছরে নির্ঝঞ্ঝাট উত্তরণ নিশ্চিত করুন। অতঃপর, স্কুল শুরু হবার কিছু দিন আগে, আপনার পরিবারের প্রত্যাশিত সকালের রুটিন অনুশীলন করুন, এতে অন্তর্ভুক্ত প্রস্তুত হওয়া, ব্রেকফাস্ট খাওয়া, এবং আপনার সন্তানের স্কুলে ভ্রমণ। আপনার সন্তান এই বছর কীভাবে স্কুলে যাবে সেবিষয়ে আপনি যদি এখনো নিশ্চিত না হোন, তবে পরিবহনের অপশনসমূহ ও যোগ্যতা সম্পর্কে আরো তথ্যের জন্য **schools.nyc.gov/transportation** দেখুন।

- ❑ **রিডিংয়ের জন্য প্রস্তুত হোন।**

একজন শিক্ষার্থীর আসন্ন শিক্ষা বছরের জন্য প্রস্তুত হতে নিজেকে সাহায্য করার সেরা উপায়গুলোর একটি হচ্ছে একটি বই পড়া! পঠন বা রিডিং আমাদের মস্তিষ্ককে শিখতে ও ভাষা ধারণ করতে সহায়তা করে, এবং যেসব ছেলেমেয়ে বাড়িতে পড়ে কিংবা তাদের পড়ে শোনানো হয় তারা ক্লাসরুমে শেখার জন্য অধিক প্রস্তুত। আমাদের 'পরিবারদের জন্য সামার রিডিং (গ্রীষ্মে বই পড়ার) গাইডটি' অন্বেষণ করুন এবং **schools.nyc.gov/literacy** -এ সোরা (Sora) অ্যাপ-এর মাধ্যমে NYC পাবলিক স্কুলস্-এর শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে ই-বুক (ডিজিটাল বই) সম্পর্কে আরো জানুন।

- ❑ **আবহাওয়া জনিত অথবা জরুরি পরিস্থিতিতে বন্ধ থাকলে দূর থেকে শিক্ষার জন্য প্রস্তুত হোন।**

দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে যদি NYC পাবলিক স্কুল বিল্ডিংগুলো বন্ধ থাকে, তবে শিক্ষার্থীরা বাড়িতে দূর থেকে শিক্ষা অর্জনে (রিমোট লার্নিং) অংশগ্রহণ করবে। আপনার সন্তানের জন্য ইন্টারনেট-সংযুক্ত ইলেক্ট্রনিক ডিভাইস, স্কুল সামগ্রী, এবং পড়াশোনার জন্য একটি নির্ধারিত স্থান প্রস্তুত করুন। যদি আপনার সন্তানের একটি DOE স্টুডেন্ট অ্যাকাউন্ট থেকে থাকে, তবে সে লগ ইন করতে পারছে এবং তার স্কুলের কাজে অনলাইন টুলগুলো ব্যবহার করার জন্য লভ্য রয়েছে তা নিশ্চিত করুন। দূর থেকে শিক্ষার (রিমোট লার্নিং) দিনগুলোর জন্য প্রস্তুত হতে সংস্থান ও তথ্যের জন্য **schools.nyc.gov/digitallearning** দেখুন।

**বৃহস্পতিবার, 7 সেপ্টেম্বর,**
**স্কুলের প্রথম দিন আমরা আপনাদের সাথে দেখা হবার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি!**

NYC Public Schools
Eric Adams
Mayor
David C. Banks
Chancellor

schools.nyc.gov
/nycschools